




ফেব্রুয়ারির ভোট ও গণভোটেই নির্ধারিত হবে দেশের পথচলা: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

ফেব্রুয়ারিতে নির্বাচন ও গণভোটের মধ্য দিয়ে দেশের ভবিষ্যৎ ঠিক হবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস।

মঙ্গলবার সকালে দক্ষিণ এশীয় উচ্চশিক্ষা আঞ্চলিক সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন। তিনি জানান, দেশ কোন পথে যাবে, তা জনগণের ভোটের মাধ্যমেই নির্ধারিত হবে।

শিক্ষা ব্যবস্থা নিয়ে কথা বলতে গিয়ে প্রধান উপদেষ্টা বলেন, আমাদের পড়াশোনা এখনো মূলত চাকরিমুখী। তিনি প্রশ্ন তোলেন, কেবল চাকরি খোঁজার বদলে তরুণরা কেন বেশি করে উদ্যোক্তা হওয়ার দিকে এগোচ্ছে না।

রাজনীতিতে তরুণদের ভূমিকা নিয়েও আশাবাদ ব্যক্ত করেন তিনি। বলেন, তরুণদের নিজস্ব রাজনৈতিক দল রয়েছে এবং তাদের অনেকেই নির্বাচনের মাধ্যমে জনপ্রতিনিধি হয়ে উঠবে। একই সঙ্গে তরুণদের বড় স্বপ্ন দেখার আহ্বান জানান প্রধান উপদেষ্টা।